চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৩ মে ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যাবতীয় উন্নয়ন ও সেবাধর্মী কাজ নির্বাচিত কাউন্সিলর এর মাধ্যমে সম্পাদিত হবে এ ক্ষেত্রে কোন ধরনের পক্ষপাতিত্ব থাকবে না। ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে উপ নির্বাচনে নির্বাচিত ওয়ার্ড কাউন্সিলর এর দায়িত্বভার গ্রহণ অনুষ্ঠানে মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে কাউন্সিলর পদে উপ নির্বাচনে দলীয় কোন প্রার্থীকে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগ মনোনয়ন না দেয়া সত্ত্বেও একজন সাংসদ নির্বাচনী আচরণবিধি লংঘন করে নগ্নভাবে নির্বাচনকে প্রভাবিত করার প্রচেষ্টা চালিয়েছিল। যা গ্রহণযোগ্য ছিল না। মেয়র বলেন, অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠ নির্বাচনের মধ্য দিয়ে জনগণের ভোটে নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরী শপথ গ্রহণ করে আজ দায়িত্ব গ্রহণ করল। তার উপর জনগণের আস্থা ও বিশ্বাস ছিল বলেই তিনি ৪র্থ বারের মত কাউন্সিলর পদে নির্বাচিত হয়েছেন-যা বিরল ঘটনা। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যাবতীয় উন্নয়ন ও সেবাধর্মী কাজ নির্বাচিত কাউন্সিলর এর মাধ্যমে সম্পাদিত হবে এ ক্ষেত্রে কোন ধরনের পক্ষপাতিত্ব থাকবে না। নির্বাচিত প্রতিনিধি হিসেবে দায়বদ্ধতা থেকে তাকে জনগণের সেবা শতভাগ তাদের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। মেয়র বলেন, আগামী ২ বছর জাহাঙ্গীর আলমের মাধ্যমে ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে উন্নয়ণ,পরিচ্ছন্নতা, আলোকায়ন, শিক্ষা ও স্বাস্থ্য সেবা পরিচালিত হবে। এসময়ের মধ্যে অত্র ওয়ার্ডের অলিগলি রাজপথ শতভাগ উন্নয়ন সহ আলোকিত করা হবে। তিনি এলাকাবাসী সকলকে সেবা ও উন্নয়নের কাজে সহযোগিতার আহবান জানান। ১৩ মে ২০১৮ খ্রি. রবিবার, বিকেলে ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের বেচাশাহ জামে মসজিদের নিচতলায় ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের নবনির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরীর দায়িত্বগ্রহণ ও ওয়ার্ড কার্যালয় উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত সুধি সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম

চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সুধি সমাবেশে বক্তব্য রাখেন আওয়ামীলীগ নেতা জসিম উদ্দিন চৌধুরী,নিধু পালিত, নুর হোসেন, টিসু মল্লিক, বন্দর ট্রাক মালিক এসোসিয়েশনের যুগ্ম সাধারন সম্পাদক সোহেল। অনুষ্ঠানে মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ,মোরশেদ আলম,নুরুন নবী লিটন সহ আওয়ামীলীগ,আওয়ামীযুবলীগ, ছাত্রলীগ সহ নানা শ্রেনী ও পেশার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সুধি সমাবেশের পর মেয়র নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরীকে সাথে নিয়ে ওয়ার্ড কার্যালয় উদ্বোধন শেষে তাকে দায়িত্ব বুঝিয়ে দেন। উল্লেখ্য যে, ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর হাবিবুল হকের মৃত্যুজণিত কারনে উক্ত ওয়ার্ডে ২৯ মার্চ ২০১৮ খ্রি. অনুষ্ঠিত উপ নির্বাচনে ৪র্থবারের মত কাউন্সিলর পদে জাহাঙ্গীর আলম চৌধুরী নির্বাচিত হন। গত ১০ মে ২০১৮ খ্রি. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নিকট শপথ গ্রহণ শেষে ১৩ মে দায়িত্ব গ্রহণ করেন জাহাঙ্গীর আলম চৌধুরী।

চট্টগ্রাম- ১৩ মে ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে ফিলিপাইনের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাত

১০ মে ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে সৌজন্য সাক্ষাত করেন বাংলাদেশে নিযুক্ত ফিলিপাইনের মান্যবর রাষ্ট্রদূত Vicente Vivencio T. Bandillo। সাক্ষাতে তারা উভয় দেশের স্বার্থ সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন। এ সময় মেয়র রাষ্ট্রদূতকে তাঁর দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মনোগ্রাম খচিত ক্রেস্ট ও ফুল দিয়ে বরণ করেন। ফিলিপাইনের রাষ্ট্রদূত তার লেখা একটি বই মেয়রকে উপহার দেন। আলোচনায় মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবাধর্মী কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রদূতকে অবহিত করেন। তিনি বলেন, বাংলাদেশের সাথে ফিলিপাইনের নানা বিষয়ে মিল রয়েছে। মেয়র বন্দর নগরী চট্টগ্রাম এবং ফিলিপাইনের সীভো সিটির সাথে টু ইন সিটি রিলেশানশীপ গড়ে তোলার ইচ্ছা ব্যক্ত করেন। রাষ্ট্রদূত এ বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহনের সিদ্ধান্ত জানান। মেয়র আরো বলেন, চট্টগ্রাম আন্তর্জাতিক মানের একটি প্রধান বন্দর নগরী। দেশের আমদানী-রপ্তানী চট্টগ্রাম বন্দরের মাধ্যমে সম্পন্ন হয়। চট্টগ্রামকে বিশ্বমানের নগরী হিসেবে গড়ার প্রচেষ্টা চলছে। তিনি চট্টগ্রামকে নিরাপদ ও বিনিয়োগ বান্ধব এলাকা হিসেবে আখ্যায়িত করে বলেন, ফিলিপাইন চট্টগ্রামে বিনিয়োগে আগ্রহী হলে চট্টগ্রামবাসী স্বাগত জানাবে।

সাক্ষাত বৈঠকে ফিলিপাইনের রাষ্ট্রদূত Vicente Vivencio T. Bandillo তাঁর দেশের ফল-মূল, মাছ ও জনশক্তি বিদেশে রপ্তানীর নানাদিক তুলে ধরে বলেন, বাংলাদেশ এবং ফিলিপাইনের মধ্যে নানা ক্ষেত্রে মিল রয়েছে। রাষ্ট্রদূত উভয় দেশের বন্ধুত্ব আরো সুদৃঢ় করার ইচ্ছা ব্যক্ত করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবুল হোসেন, প্রধান পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, বাংলাদেশের ফিলিপাইনের অনারারী কনসাল্ট এম এ আওয়াল ও ফিলিপাইন দূতাবাসের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-১৩ মে ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত
১১ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

১৩ মে ২০১৮ খ্রি.রবিবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে সিটি মেয়র ও শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচালনা কমিটির সভাপতি আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়, পাঠানটুলী সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয়, জামালখান কুসুম কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, গুল-এজার বেগম সিটি কর্পোরেশন মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয়, হালিশহর আহমদ মিয়া সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, বাগমনিরাম সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, জহুর আহমদ চৌধুরী সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয়, ফিরোজশাহ্ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়, লামাবাজার এ এ সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয়, পশ্চিম নাসিরাবাদ সরাইপাড়া আবদুল হাকিম সিটি কর্পোরেশন কিন্ডার গার্টেনের, উত্তর আগ্রাবাদ সিটি কর্পোরেশন কিন্ডার গার্টেনের, জহুর আহমদ চৌধুরী সিটি কর্পোরেশন প্রাথমিক বিদ্যালয় সহ ১১ টি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন এবং আলোচ্য সূচীর উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। সভার সভাপতির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, শিক্ষকরা হচ্ছেন জাতির বিবেক। মানুষ গড়ার দক্ষ কারিগর। একমাত্র শিক্ষার মাধ্যমে গড়ে উঠতে পারে দায়িত্বশীল সুনাগরিক,উন্নত দেশ ও মর্যাদাশীল জাতি। তিনি শিক্ষকদের শ্রেনীকক্ষে ছাত্র-ছাত্রীদের নীতি নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে কাউন্সিলিং করার উপর গুরুত্বারোপ

করেন। মেয়র সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার হার ও মান বৃদ্ধির জন্য পরিচালনা কমিটি ও শিক্ষকদের আন্তরিক হওয়ার পরামর্শ দেন। সভায় শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ম্যানেজিং কমিটির অনুমতিক্রমে বিজ্ঞাপণ দেয়া, ২০১৮-২০১৯ অর্থবছরে ২০ টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নতুন ২০টি ভবন নির্মাণ, এসএসসি পরীক্ষায় বোর্ড গ্রেড না পাওয়া তিন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে কারন দর্শানোর নোটিশ প্রদান সহ নানা বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় ১২ নং সরাইপাড়া ওয়ার্ড কাউন্সিলর হাজী সাবের আহমদ সওদাগর, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন এবং পরিচালনা কমিটির সদস্য ও সদস্য সচিব সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১৩ মে ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে পদ্মা অয়েল কোম্পানী লি: এমপ্লয়ীজ ইউনিয়নের নেতৃবৃন্দের মতবিনিময়

১৩ মে ২০১৮ খ্রি. রবিবার, দুপুরে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীনের সাথে পদ্মা অয়েল কোম্পানী লি: এমপ্লয়ীজ ইউনিয়নের নেতৃবৃন্দ মতবিনিময় করেন। এ সময় তারা পদ্মা অয়েল কোম্পানী লি: এমপ্লয়ীজ ইউনিয়ন নামে নতুন একটি সংগঠনের আত্মপ্রকাশের বিষয়টি মেয়রকে অবহিত করেন। মতবিনিময়ে মেয়র বলেন, জননেত্রী শেখ হাসিনা সরকার শ্রমিকবান্ধব সরকার। শ্রমিকদের স্বার্থে যেকোন সিদ্ধান্ত গ্রহন ও বাস্তবায়নে তিনি প্রস্তুত আছেন। জনাব আ জ ম নাছির উদ্দীন শ্রমিক, মালিক ও সরকারের সুসম্পর্কের উপর জোড় দিয়ে বলেন, উৎপাদন বৃদ্ধি, কর্মক্ষেত্রে শান্তি-শৃংখলা এবং শ্রমিকদের ন্যায অধিকারের প্রশ্নে তিনি শ্রমিকদের পাশে আছেন এবং থাকবেন। মতবিনিময়কালে পদ্মা অয়েল কোম্পানী লি: এমপ্লয়ীজ ইউনিয়নের নেতৃবৃন্দ তাদের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মেয়রের সুচিন্তিত পরামর্শ ও মতামত প্রত্যাশা করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর ছালেহ আহম্মদ চৌধুরী, মো. জাবেদ, ছাবের আহম্মদ, জহুরুল আলম জসিম, অত্র ইউনিয়নের সভাপতি মো. জসিম উদ্দিন, সাধারণ সম্পাদক শেখ মোহাম্মদ আইয়ুব, সহ সভাপতি মো. বাবুল হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক মো. শফিউল আজিম, কোষাধ্যক্ষ মো. কামাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মো. তোফায়েল আহম্মদ, দপ্তর সম্পাদক মো. বখতিয়ার মিয়া, সদস্য মো.

ওয়াছেক মিয়া ও মো. ইয়াহিয়া আহম্মদ এবং আরো উপস্থিত ছিলেন সিবেস্টিসেন পিনারু, শোয়েব আহমদ সরকার, আবদুল মালেক, জামশেদ কালাম, মোস্তফিজ আলম, খুরশিদ আলম, আশফাকুর রহমান, প্রদীপ কুমার দত্ত, শাহাদাত হোসেন, আবদুল মতিন, আবদুল নুর, জাহাঙ্গীর আলম, তৌফিকুল ইসলাম, সুধির চন্দ্র দাস, চৌধুরী মিয়া, দুলাল চন্দ্র মালি ও কাজি মো. আবদুর রউফ।

চট্টগ্রাম- ১৩ মে ২০১৮ খ্রি.

১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড আওয়ামীলীগের
কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন উদ্বোধন অনুষ্ঠানে মেয়র
বাংলাদেশ স্যাটেলাইট পাঠিয়ে বিশ্বে উচ্চ মর্‌যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বাংলাদেশ স্যাটেলাইট পাঠিয়ে বিশ্বে উচ্চ মর্‌যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে। তিনি বলেন, বাংলাদেশ স্বাধীন জাতি হিসেবে বিশ্বে স্যাটেলাইট জগতে ৫৭ তম দেশের মর্‌যাদায় অধিষ্ঠিত হলো। ঐতিহাসিক এই অনন্য অর্জনে বাংলাদেশের মানুষ আজ উল্লেসিত। এ অর্জনের একমাত্র কৃতিত্বের দাবিদার বঙ্গবন্ধুর কন্যা জননেত্রী শেখ হাসিনা। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, রাষ্ট্রিয় ক্ষমতার ধারাবাহিকতা অব্যাহত থাকলে বাংলাদেশ অসম্ভবকে সম্ভব করে তুলতে সক্ষম হবে। তিনি আশা করেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামীলীগ বিজয়ী হলে ২০৪১ সনের মধ্যে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে উন্নিত হতে কোন বাধাই থাকবে না। জনাব আ জ ম নাছির উদ্দীন আওয়ামীলীগের সর্বস্তরের নেতাকর্মীদের দলীয় ও বঙ্গবন্ধু আদর্শ এবং দেশপ্রেম ধারণ করে আসন্ন নির্বাচনে দলীয় প্রার্থীদের জয়ী করতে সর্বোচ্চ ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকার আহ্বান জানান। ১২ মে ২০১৮ খ্রি. শনিবার, সন্ধ্যায় মিয়া খান নগরস্থ সংগঠনের সভাপতির বাসভবন প্রাঙ্গনে অনুষ্ঠিত ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস নবায়ন উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র ও মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এ আহ্বান জানান। সংগঠনের সভাপতি আলহাজ্ব নুরুল আজিম নুরু’ র সভাপতিত্বে এবং সংগঠনের সাধারণ সম্পাদক আলহাজ্ব সিদ্দিক আলমের উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক

সম্পাদক ও চসিক প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, উপ প্রচার সম্পাদক মো. শহিদুল আলম। আলোচনা করেন ৩৫নং বকশিরহাট ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নুরুল আমিন শান্তি, ১৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আহম্মদ ইলিয়াছ, আওয়ামীলীগ নেতা আলহাজ্ব আজিজুর রহমান, মহিউদ্দিন মহিম, গোলাম রব্বানি মনি, আলহাজ্ব মো. জসিম উদ্দিন, আবদুল মান্নান, আওয়ামী, যুবলীগ ও ছাত্রলীগ নেতা যথাক্রমে বখতিয়ার ফারুক, আনিসুর রহমান, আ ক ম আরিফ, হোসেন বাদশা, মো. নাজের, এম আর ইয়াছিন, সর্দ্দার হাসান আলী, এন মাহমুদ রনি, নুরুল আলম মিয়া, এন কে আলম সাজ্জাদ, মো. আজগর সহ অন্যরা। পরে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদককে সদস্য নবায়ন ফরম দিয়ে নবায়ন কার্যক্রম উদ্বোধন করেন।

চট্টগ্রাম- ১৩ মে ২০১৮ খ্রি.

চট্টগ্রাম বিভাগীয় শ্রবণ প্রতিবন্ধী ক্রিকেট এসোসিয়েশনের উদ্বোধন ও আলোচনা সভায় মেয়র

১২ মে ২০১৮ খ্রি. শনিবার, সন্ধ্যায় এম এ আজিজ স্টেডিয়ামে সিজেকেএস কনভেনশন হলে চট্টগ্রাম বিভাগীয় শ্রবণ প্রতিবন্ধী ক্রিকেট এসোসিয়েশন উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। বাংলাদেশ বধির ক্রিকেট এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোজাহারুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ ব্রাইট ক্রিকেট কাউন্সিলের জুনিয়র সহ-সভাপতি লায়ন দিদারুল আলম চৌধুরী, বধির ক্রিকেট এসোসিয়েশনের যুগ্ম সম্পাদক মো. সালাউদ্দিন আহমেদ, ইশারা ভাষা দোভাষী আহসান হাবীব, চট্টগ্রাম বিভাগীয় শ্রবণ প্রতিবন্ধী ক্রিকেট এসোসিয়েশনের সভাপতি সাইফুর রহমান, সাধারণ সম্পাদক মো. নুরুল আলম ফরিদ, কোষাধ্যক্ষ মো. নাহিদ পারভেজ বক্তব্য রাখেন। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন মো. শাহজাহান চৌধুরী। প্রধান অতিথি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশ বধির ক্রিকেট এসোসিয়েশন প্রদত্ত ক্রিকেট সরঞ্জাম চট্টগ্রাম বিভাগীয় শ্রবণ প্রতিবন্ধী ক্রিকেট এসোসিয়েশনের নিকট তুলে দেন। সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, বাংলাদেশ বধির ক্রিকেট এসোসিয়েশন খেলার জগতে এক নতুন অধ্যায়ের সূচনা করেছে। তারা সুস্থ্য ও

স্বাভাবিক খেলোয়াড়দের পাশাপাশি ক্রিকেট খেলায় পারদর্শিতা অর্জন করে সাফল্যের দিকে এগিয়ে যাচ্ছে। তিনি মনে করেন, ইচ্ছা ও একাগ্রতা থাকলে যেকোন কঠিন চ্যালেঞ্জ মোকাবেলা করা কোন কঠিন কাজ নয়। মেয়র খেলোয়াড়দের মানসিক দৃঢ়তা নিয়ে খেলাধূলা পরিচালনার আহ্বান জানান।

চট্টগ্রাম- ১৩ মে ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে সৌদি আরবের বাদশা ফাহাদ মসজিদের খতিবের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ১৩ মে ২০১৮ খ্রি. রবিবার, সকালে নগরভবনে মেয়র দপ্তরে সৌদি আরবের বাদশা ফাহাদ মসজিদের ইমাম ও খতিব এবং আল মোনাহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশন সদস্য, আল মোনাহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান হেলাল উদ্দিন, সদস্য হাফেজ সিয়াব উদ্দিন, তারি আবদুল মুমিন সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাতকালে মেয়র আ জ ম নাছির উদ্দীন আল মোনাহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে চট্টগ্রামে মসজিদ, মাদ্রাসায়ও সুপেয় পানির জন্য ডিপটিউব ওয়েল স্থাপনের জন্য অনুরোধ করেন। সৌদি আরবের বাদশা ফাহাদ মসজিদের ইমাম ও খতিব এবং আল মোনাহিল ওয়েলফেয়ার ফাউন্ডেশনের সদস্য চট্টগ্রামে চলমান প্রকল্পের সাথে সিটি মেয়র প্রস্তাবিত নতুন মসজিদ, মাদ্রাসা ও সুপেয় পানির জন্য ডিপটিউবওয়েল স্থাপনে একমত পোষন করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, চেম্বার পরিচালক মো. অহিদ সিরাজ চৌধুরী স্বপন ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১৩ মে ২০১৮ খ্রি.

চিন্তার স্বাধীনতা ও নৈতিকতা বুদ্ধের দর্শনের অনন্য দিক বৌদ্ধদের ধর্মীয় উৎসবে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চিন্তার স্বাধীনতা ও নৈতিকতা বুদ্ধের দর্শনের অনন্য দিক। বুদ্ধ আরাধনা, প্রথাগত বিশ্বাস ও আচারের চেয়ে মানুষের বুদ্ধি, বিবেক ও বোধকে প্রাধ্যন্য দেন। তিনি বলেন, বিশ্বের সব প্রাণীর প্রতি বুদ্ধের এই মমত্ববোধ অবহেলিত, বঞ্চিত ও উপেক্ষিত মানুষের মনে এক গভীর

আবেদন সৃষ্টি করে, তাদের স্বীয় অধিকার নিয়ে বেঁচে থাকতে এবং মৈত্রী পরায়ন হতে উদ্‌বুদ্ধ করে। ১১ মে ২০১৮ খ্রি. শুক্রবার বিকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বুদ্ধ পূর্ণিমা উদযাপন পরিষদ ২০১৮ এর আয়োজনে নগরীর মুসলিম ইনষ্টিটিউট হলে বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধ পূর্ণিমা উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। দিন ব্যাপি ধর্মী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বৌদ্ধ পেশাজীবী পরিষদের সভাপতি ডা. প্রীতি বড়-য়া। এতে উদ্বোধক ছিলেন বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এর ভাইস চেয়ারম্যান সুপ্ত ভূষন বড়-য়া। প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের উপ দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়-য়া। বিশেষ অতিথি ছিলেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, বাংলাদেশ বৌদ্ধ যুব পরিষদের চেয়ারম্যান রূপায়ন বড়-য়া, বাংলাদেশ বৌদ্ধ সমিতি যুব সভাপতি কর আইনজীবী জয় শান্ত বিকাশ বড়ুয়া, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ যুব সাধারণ সম্পাদক ড. সুব্রত বরণ বড়-য়া। আলোচক ছিলেন রাঙামাটি বাঙ্গাল হালিয়া নন্দবরমা আন্তর্জাতিক বিদর্শন ভাবনা কেন্দ্রের প্রতিষ্ঠাতা পরিচালক ভদন্ত নন্দবরমা মহাথেরো, পটিয়া কেন্দ্রীয় বিহার অধ্যক্ষ ড. সংঘপ্রিয় মহাথেরো। বক্তব্য রাখেন চসিক বৌদ্ধ পেশাজীবী পরিষদ সাধারণ সম্পাদক প্রকৌশলী জয় সেন বড়-য়া। বক্তব্য রাখেন বুদ্ধ পুর্ণিমা উদযাপন পরিষদ ২০১৮ সভাপতি শিক্ষক সমীরণ কান্তি বড়-য়া ও সাধারণ সম্পাদক প্রভাষক সুজন বড়-য়া। দিন ব্যাপি অনুষ্ঠানে ছিল সংঘদান, পিণ্ডদান, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও আকর্ষনীয় র‌্যাফেল ড্র ইত্যাদি।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন